

# নওগাঁ পল্লী বিদ্যুৎ সমিতি-১

চকবিরাম, নওগাঁ।

## নিলাম দরপত্র বিজ্ঞপ্তি

নিম্নের বর্ণনা অনুযায়ী নওগাঁ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর কনডেমকৃত মালামাল সমূহ নওগাঁ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এ যেখানে যে অবস্থায় আছে ভিত্তিতে নিলামে বিক্রয়ের জন্য নিম্ন বর্ণিত শর্ত সাপেক্ষে আগ্রহী ক্রেতা/ প্রতিষ্ঠানের নিকট হতে সীল মোহরকৃত নিলাম দরপত্র আহবান করা যাচ্ছে।

### নিলাম বিজ্ঞপ্তিঃ

দরপত্রের প্যাকেজ নং	নিলামকৃত মালামালের বিবরণ	দরপত্র দলিল (টেন্ডার ডকুমেন্ট) বিক্রয়ের সময়সূচী	দরপত্র গ্রহণ ও খোলার সময়সূচী		সংযুক্ত জামানতের পরিমাণ।	দরপত্র দলিলেরমূল্য (অফেরতযোগ্য) টাকা
			গ্রহণ	খোলা		
(০১)	(০২)	(০৩)	(০৪)	(০৫)	(০৬)	(০৭)
০৯/২৩-২৪	ক) লৌহ জাতীয় মালামাল	২০/০৮/২০২৩ খ্রিঃ রবিবার হতে ০৩/০৯/২০২৩ খ্রিঃ রবিবার পর্যন্ত	০৪/০৯/২০২৩ খ্রিঃ সোমবার ১১.৩০ ঘটিকা	০৪/০৯/২০২৩ খ্রিঃ সোমবার ১১.৩৫ ঘটিকা	দাখিলকৃত দরের ২৫%	১০০০.০০
১০/২৩-২৪	খ) মিটার জাতীয় মালামাল					১০০০.০০

- ০১। দরপত্র বিক্রয়ের স্থানঃ (১) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উঃ অঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, খিলক্ষেত, ঢাকা (২) জেনারেল ম্যানেজার, নওগাঁ পবিস-১ এর সদর দপ্তর, চকবিরাম, নওগাঁ এই ঠিকানা হতে দরপত্র দলিল সংগ্রহ করতে পারবেন।
- ০২। দরপত্র দাখিল ও খোলার স্থানঃ দরপত্রের উপরে বর্ণিত সময়সীমার মধ্যে (১) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উঃ অঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, খিলক্ষেত, ঢাকা (২) জেনারেল ম্যানেজার, নওগাঁ পবিস-১, চকবিরাম, নওগাঁ এই ঠিকানায় দরপত্র পৌঁছাতে হবে। দরপত্র বর্ণিত সময় ও স্থানে দরদাতাদের উপস্থিতিতে (যদি কেউ থাকেন) খোলা হবে।
- ০৩। দরপত্রের সাথে নওগাঁ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর অনুকূলে যে কোন তফসিলী ব্যাংক হতে উপরিউক্ত কলাম (০৬) এ দরপত্রের বিপরীতে বর্ণিত জামানতের টাকা MICR যুক্ত পে-অর্ডার (ফেরত যোগ্য) দরপত্র জামানত হিসাবে সংযুক্ত করতে হবে।
- ০৪। সন্তোষজনকভাবে মালামাল সরবরাহের পর কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানকে চালান ও বিল দাখিল করা সাপেক্ষে হিসাবের খাতে প্রদেয় চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে।
- ০৫। দরপত্র সম্পর্কে কারও কোন জিজ্ঞাসা থাকলে/ব্যাখ্যার প্রয়োজন হলে তা দরপত্র খোলার জন্য নির্ধারিত সময়ের কমপক্ষে ০৭ (সাত) দিন পূর্বে নিম্ন ঠিকানায় লিখিতভাবে অনুরোধ জানাতে হবে।
- ০৬। অন্যান্য শর্তাবলী দরপত্র দলিলে উল্লেখ রয়েছে। দরপত্রে উল্লেখিত শর্ত বহির্ভূত কোন সমস্যার উদ্ভব হলে পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- ০৭। বর্ণিত নিলামে বিক্রয়যোগ্য মালামালের ক্ষেত্রে যে কোন এক বা একাধিক ব্যক্তি/প্রতিষ্ঠান লৌহ জাতীয় ও মিটার জাতীয় মালামাল এর দরপত্র দলিল পৃথকভাবে ক্রয় করতে হবে এবং পৃথকভাবে দাখিল করতে হবে। নিলাম মালামালের ক্ষেত্রে আলাদা আলাদা ভাবে প্রাপ্ত সর্বোচ্চ দরদাতাকে বিক্রয়াদেশ প্রদান করা হবে। সীল মোহরকৃত খামের উপরে স্পষ্টাক্ষরে নওগাঁ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এবং নিলাম মালামালের বিবরণ উল্লেখ করতে হবে।
- ০৮। কৃতকার্য দরদাতাকে অবশ্যই অবশিষ্ট ৭৫% মূল্য এবং সরকারী নিমানুযায়ী মোট উদ্ধৃত দরের উপর পৃথক ভাবে প্রযোজ্য হারে ভ্যাট ও উৎস কর কার্যাদেশ প্রদানের তারিখ হতে ১৫ (পনের) দিনের মধ্যে নগদ/ পে-অর্ডার আকারে পরিশোধ পূর্বক নিজস্ব ব্যয়ে যেখানে যে অবস্থায় আছে সেখানে হতে গ্রহণ করতে হবে। অন্যথায় নিরাপত্তা জামানত বাবদ সমুদয় অর্থ বাজেয়াপ্ত করা হবে।
- ০৯। নিলামকৃত মালামাল প্রতিদিন (ছুটির দিন ব্যতিত) অফিস চলাকালীন সময়ে নওগাঁ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর সদর দপ্তরে পরিদর্শন করা যাবে এবং প্রয়োজনে এতদসংক্রান্ত যাবতীয় তথ্যাদি সংগ্রহ করা যাবে।
- ১০। নওগাঁ পবিস-১ কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ অথবা বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

মোঃ রবিউল হক  
জেনারেল ম্যানেজার  
নওগাঁ পবিস-১।